

## গুরুত্বপূর্ণ তথ্যাবলী

- ✓ চাইল্ড কেয়ারে ভর্তির জন্য একটি হালনাগাদ ACIR ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট কিংবা ইম্যুনাইজেশন হিস্ট্রি ফরম (যেসব শিশুরা বাদ পড়ে যাওয়া টিকার তালিকায় আছে তাদের জন্য) জমা দিতে হবে
- ✓ এছাড়াও যথাযথ ক্ষেত্রে একটি মেডিকেলার মেডিক্যাল কন্ট্রাইনডিক্যাশন ফরম বা কনসিয়েনশাস অবজেকশন ফরম জমা দেওয়া যেতে পারে
- ✓ টিকা সবচেয়ে কার্যকরী হয় যদি সেগুলো সময়মত দেওয়া হয়
- ✓ টিকা দেওয়ায় বিলম্ব হলে শিশুদের রোগ হওয়ার এবং খুব অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি থাকে
- ✓ শিশুদের ছোটখাট অসুস্থতা যেমন সর্দি কিংবা সামান্য ঠাণ্ডা লাগলে নিরাপদে টিকা দেওয়া যেতে পারে
- ✓ এছাড়াও একটি জনগোষ্ঠীর অনেক লোককে টিকা দেওয়া হলে যারা টিকা নেয়নি তারা রক্ষা পায় এবং তা টিকা দ্বারা প্রতিরোধযোগ্য গুরুতর রোগগুলো নিয়ন্ত্রণ করতে সাহায্য করে
- ✓ সময়মত টিকাকরণ নিশ্চিত করতে প্রতিটি শিশুর একটি ব্যক্তিগত টিকাকরণ তালিকার জন্য বিনামূল্যে 'Save the Date to Vaccinate' ফোন অ্যাপটি ডাউনলোড করুন যা কখন টিকা দিতে হবে তা মনে করিয়ে দেবে। অ্যাপটি ডাউনলোড করতে সেভ দ্য ডেট টু ভ্যাকসিনেট ওয়েবসাইটে ([www.immunisation.health.nsw.gov.au](http://www.immunisation.health.nsw.gov.au)) যান এবং আই টিউন (আইফোনের জন্য) কিংবা গুগল প্লে (অ্যান্ড্রয়েডের জন্য) তে যাওয়ার জন্য লিঙ্কগুলো অনুসরণ করুন।

## অতিরিক্ত তথ্য

### ACIR ওয়েবসাইট

[www.humanservices.gov.au/customer/services/medicare/australian-childhood-immunisation-register](http://www.humanservices.gov.au/customer/services/medicare/australian-childhood-immunisation-register)

### নিউ সাউথ ওয়েলস্ হেলথ ওয়েবসাইট

[www.health.nsw.gov.au/immunisation](http://www.health.nsw.gov.au/immunisation)

### নিউ সাউথ ওয়েলস্ হেলথ এর

### 'Save the Date to Vaccinate' প্রচার ওয়েবসাইট

[www.immunisation.health.nsw.gov.au](http://www.immunisation.health.nsw.gov.au)

অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড অ্যাজিং ইম্যুনাইজ অস্ট্রেলিয়া প্রোগ্রাম

[www.immunise.health.gov.au](http://www.immunise.health.gov.au)



# চাইল্ডকেয়ারে ভর্তি এবং টিকাদান

বাবা মায়ের জন্য তথ্য



## চাইল্ড কেয়ারে যাওয়ার আগে সুরক্ষা

শিশুদের সুরক্ষার সাহায্যার্থে তাদেরকে চাইল্ড কেয়ার শুরুর আগেই পুরোপুরি টিকা দেওয়া জরুরী। দেবী করে টিকা দিলে শিশুদের গুরুতর রোগ হওয়ার ঝুঁকি থাকে।

## চাইল্ড কেয়ারে ভর্তি এবং আইনগত আবশ্যিকতা

নিউ সাউথ ওয়েলস্ পাবলিক হেলথ অ্যান্ড ২০১০ অনুসারে বাবা মায়েদের অবশ্যই অস্ট্রেলিয়ান চাইল্ডহুড ইম্যুনাইজেশন (ACIR) কর্তৃক প্রদত্ত একটি ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট (Immunisation History Statement) দিতে হবে (যাতে শিশুর সবগুলো টিকা দেওয়া আছে কি না তা দেখানো হবে), কিংবা একটি ইম্যুনাইজেশন হিস্ট্রি ফর্ম (Immunisation History Form IMMUI3) (যাতে দেখানো হবে শিশুটি তার সবগুলো টিকা নেওয়ার পথে আছে) অথবা টিকা গ্রহণ থেকে অব্যাহতির ফর্ম দিতে হবে। যদি টিকা দ্বারা প্রতিরোধযোগ্য কোনো রোগ মহামারী আকারে দেখা দেয় তাহলে শিশুদের চিহ্নিত করে তাদের চাইল্ড কেয়ার থেকে আলাদা করার কাজে এই তথ্য ব্যবহৃত হবে।

যেসকল বাবা মায়েদের কাছে যথাযথ কাগজপত্র থাকবে না তারা তাদের শিশুদের চাইল্ড কেয়ারে ভর্তি করাতে পারবেন না।

## টিকা গ্রহণ থেকে অব্যাহতির ফর্ম

স্বাস্থ্যগত কারণে যেসকল শিশুদের টিকা দেওয়া হয় না কিংবা টিকা প্রদানের ব্যাপারে যাদের বাবা মায়েদের বিবেচনাপ্রসূত আপত্তি থাকে সেসকল শিশুদের চাইল্ড কেয়ারে ভর্তি করানো যেতে পারে যদি ভর্তির সময় ডাক্তার কিংবা টিকা প্রদানকারী নার্স কর্তৃক পূরণকৃত নীচের ফর্মগুলোর একটি জমা দেওয়া হয়:

- ইম্যুনাইজেশন এক্সেমশন  
**Medical Contraindication Form** (IMMU11)  
(মেডিক্যাল কন্ট্রাইন্ডিকেশন ফর্ম), কিংবা;
- ইম্যুনাইজেশন এক্সেমশন  
**Conscientious Objection Form** (IMMU12)  
(কনশিয়েনশাস অবজেকশন্ ফর্ম)।

## ACIR ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট

বাবা মায়েরা তাদের সন্তানের ১৮ মাস এবং সাড়ে ৩ থেকে ৪ বছর বয়সের টিকা সম্পন্ন করার পর ডাকযোগে একটি ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট পাবেন। বাবা মায়েরা নিম্নোক্তভাবে যেকোনো সময় একটি ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট পেতে পারেন:

- **1800 653 809** নম্বরে অস্ট্রেলিয়ান চাইল্ডহুড ইম্যুনাইজেশন রেজিস্টারে ফোন করে
- [www.medicareaustralia.gov.au/online](http://www.medicareaustralia.gov.au/online) ওয়েবসাইটে মেডিকেশ্যার অনলাইন সার্ভিসের মাধ্যমে
- [acir@medicareaustralia.gov.au](mailto:acir@medicareaustralia.gov.au) ঠিকানায় ইমেইল করে একটি বিবরণি চেয়ে
- ডিপার্টমেন্ট অব হিউম্যান সার্ভিসেস্ এর স্থানীয় পরিষেবা কেন্দ্র, মেডিকেশ্যার অফিস কিংবা সেন্টারলিংক অফিসে গিয়ে

## ‘হালনাগাদ’ শিশু

চাইল্ড কেয়ারে যেসব শিশুরা ভর্তি হচ্ছে তারা হয়তো এতটাই ছোট যে তাদের শৈশবের সবগুলো টিকা নেওয়া সম্পূর্ণ হয়নি। যেসব শিশুদের সবগুলো টিকা দেওয়া হয়েছে তাদের ACIR ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট এর উপরে বাঁ দিকে “up to date” (হালনাগাদ) কথাটা লেখা থাকবে। স্টেটমেন্ট এর নীচের সেকশনে পরবর্তী টিকাগুলো এবং সেগুলো প্রদানের নির্দিষ্ট তারিখ দেওয়া থাকবে।

অপেক্ষাকৃত বেশী বয়সের শিশু যারা টিকা নেওয়া সম্পূর্ণ করেছে তাদের জন্য হিস্ট্রি স্টেটমেন্ট এর নীচে বেগুনি রঙের অংশে লেখা থাকবে “This child has received all vaccines required by 5 years of age” (এই শিশু ৫ বছর বয়সের মধ্যে আবশ্যিক সবগুলো টিকা নিয়েছে)।

## বিদেশে টিকা নেওয়া শিশু

বিদেশের টিকাকরণ তালিকা অস্ট্রেলিয়ার টিকাকরণ তালিকা থেকে ভিন্ন হতে পারে এবং সেক্ষেত্রে একজন ডাক্তার বা নার্সকে দিয়ে তা পরীক্ষা করাতে হবে যারা তথ্যগুলো ACIR এ স্থানান্তর করবে। ACIR তখন বাবা মায়েরা একটি ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট দেবে।

## ভুল ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট

যদি বিবরণি থেকে টিকা বাদ যায় তাহলে বাবা মায়েরা টিকা প্রদানকারী ডাক্তার বা নার্সের সাথে যোগাযোগ করে দেখে নেবেন তারা রেকর্ডগুলো ACIR এ পাঠিয়েছে কি না। ACIR যখন ডাক্তার বা নার্সের কাছ থেকে হালনাগাদ তথ্য পাবে তখন ACIR বাবা মাকে আবার একটি ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট দেবে।

## ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট দেখাচ্ছে শিশুর সবগুলো টিকা দেওয়া হয়নি

যেসব শিশুরা তাদের টিকা নেওয়ার ক্ষেত্রে পিছিয়ে আছে তারা বাকী পড়া টিকাগুলো দেওয়া শুরু করার পর চাইল্ড কেয়ারে ভর্তি হতে পারবে। ডাক্তার বা নার্সকে একটি ইম্যুনাইজেশন হিস্ট্রি ফর্ম পূরণ করে তা ACIR এ পাঠাতে হবে এবং বাবা মাকে একটি কপি দেবে।

## টিকা দ্বারা প্রতিরোধযোগ্য রোগের প্রাদুর্ভাব

যেসব শিশুরা টিকা নেয়নি তাদের কোনো একটি রোগের প্রাদুর্ভাবের সময় বাড়ীতে থাকতে হতে পারে। এটি করতে হবে শিশুটিকে রক্ষা করা এবং কম্যুনিটিতে রোগটি ছড়িয়ে পড়া রোধ করার জন্য।

## হালনাগাদ ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট

প্রতিটি টিকার পর বাবা মাকে তাদের শিশুর হালনাগাদ ইম্যুনাইজেশন হিস্ট্রি স্টেটমেন্ট ইম্যুনাইজেশন রেজিস্টারে যুক্ত করার জন্য চাইল্ড কেয়ার পরিচালককে দিতে হবে। বাবা মায়েরা সরাসরি মেডিকেশ্যার অনলাইন পরিষেবা ওয়েবসাইট থেকে একটি বিবরণি প্রিন্ট করতে পারবেন।

## ফ্যামিলি ট্যাক্স বেনেফিট পার্ট A

ফ্যামিলি ট্যাক্স বেনেফিট পার্ট A (Family Tax Benefit Part A) সম্পূর্ণক অংশ পেতে হলে আপনার শিশু যেই বছরে এক, দুই এবং পাঁচ বছরে পড়বে সে বছরে ACIR এ অবশ্যই রেকর্ড করতে হবে যে আপনার শিশুর টিকা প্রদান সম্পূর্ণ হয়েছে। বাবা মায়েরা যদি একটি ইম্যুনাইজেশন এক্সেমশন্ ফর্ম জমা দেন তাহলেও তারা এই সম্পূর্ণক অংশ পেতে পারেন।

